LOUNGEKEY LIMITED ("আমরা/আমাদিগকে/আমাদের") সর্বোচ্চ মানের গোপনীয়তা বজায় রাখতে এবং আমাদের গ্রাহকদের ("আপনি") এবং আমাদের সাথে কাজ করেন এমন সংশ্লিষ্ট ব্যক্তিদের গোপনীয়তার প্রতি শ্রদ্ধাশীল হতে চেষ্টা করে। গোপনীয়তার প্রতি আমাদের প্রতিশ্রুতির মধ্যে রয়েছে, আমরা যে ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণপ্রক্রিয়াকরণ করি তার প্রকৃতি ও মাত্রা সম্পর্কে স্বচ্ছ থাকা। এই গোপনীয়তার বিজ্ঞপ্তির লক্ষ্য হলো আমরা আপনার সম্পর্কিত তথ্য কীভাবে সংগ্রহ করি, জমা করি, ব্যবহার করি এবং প্রকাশ করি তা আপনাকে অবহিত করা, যখন আপনি:

a) আমাদের ওয়েবসাইটগুলোতে মিথস্ক্রিয়া করেন বা সেগুলো ব্যবহার করেন; বা
b) আপনি যদি যে কোনো উপায়ে আমাদের পণ্য, পরিষেবা বা অ্যাপ্লিকেশনগুলো (সম্মিলিতভাবে "পরিষেবাসমূহ") ব্যবহার করেন।

বৈশ্বিক উপস্থিতি থাকা একটি কোম্পানি হিসেবে, সেগুলো যে আইনি অধিক্ষেত্রে কার্যক্রম পরিচালনা করে সেখানকার তথ্য সুরক্ষা বিধি অনুযায়ী বিভিন্ন ধরনের বাধ্যবাধকতা আমাদেরকে মেনে চলতে হয়। আমাদের লক্ষ্য হলো আমাদের কর্মকাণ্ড পরিচালনা করার ক্ষেত্রে যথাসম্ভব সঙ্গতিপূর্ণ হওয়া, প্রযোজ্য সকল আইন মেনে চলা এবং গোপনীয়তা সম্পর্কিত আইনকানুনের সর্বোচ্চ মান প্রয়োগ করা। উদাহরণ স্বরূপ, আপনি যদি ইউরোপীয় ইউনিয়নের একজন অধিবাসী হন, তবে আমরা সাধারণ তথ্য সুরক্ষা বিধি ("GDPR") সহ ইউরোপীয় ইউনিয়নের স্থানীয় আইন দ্বারা আবদ্ধ হব, অথবা আপনি যদি ক্যালিফোর্নিয়ার অধিবাসী হয়ে থাকেন, তবে আমরা ক্যালিফোর্নিয়ার স্থানীয় আইনকানুন, ক্যালিফোর্নিয়ান গ্রাহকের গোপনীয়তা আইন (The Californian Consumer Privacy Act ,CCPA)-এর প্রতিও শ্রদ্ধাশীল।

আমরা কোন ধরণের ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ বা সংগ্রহ করি

আপনি অনলাইনে বা ইমেলে, মোবাইল ফোন বা পোস্টের মাধ্যমে যখন আমাদের সাথে যোগাযোগ করেন তখন যে ব্যক্তিগত তথ্য প্রদান করেন, আমরা সেগুলো সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করি।

এই ধরণের ব্যক্তিগত তথ্যে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে পারে:
a) নাম ও পদবী;
b) ডাক ঠিকানা;
c) ইমেল ঠিকানা;
d) টেলিফোন নম্বর;
e) লিঙ্গ, জন্মতারিখ;
f) বসবাসের দেশ, জাতীয়তা, পছন্দের ভাষা;
g) স্বতন্ত্র শনাক্তকরণ তথ্য (যেমন, আপনার গ্রাহকের ইউজারনেম বা নম্বর এবং পাসওয়ার্ড);
h) আর্থিক তথ্য (যেমন, পেমেন্ট কার্ড বা ব্যাংক অ্যাকাউন্টের তথ্য);
i) আপনার LoungeKey-এর সুবিধাদির অংশ হিসেবে আপনি যেসকল লাউঞ্জ বা মার্চেন্টে ভিজিট করেন;
j) বোর্ডিং কার্ডের তথ্য;
k) আপনার ডিভাইস কর্তৃক প্রদত্ত কিছু তথ্য, যেমন আইপি ঠিকানা, ডিভাইসের আইডি, ডিভাইসের ধরন এবং অবস্থানের তথ্য।

ব্যক্তিগত তথের উৎস ও শ্রেণীবিভাগ

উপরের তথ্যের উৎস হলো হয় আপনি নিজে, যেমন - যদি পরিষেবাটি সরাসরি ক্রয় করেন, অথবা যেখানে লাউঞ্জ কি আপনার পেমেন্ট কার্ড ইস্যুকারীর একটি সুবিধা হয়ে থাকে (যেমন একটি ব্যাংক), তখন আমরা তাদের কাছ থেকে তথ্য

পেতে পারি। তথ্যের শ্রেণীবিভাগ হলো ব্যক্তিগত তথ্য। এই তথ্য পরিষেবা সরবরাহ করার জন্য শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

আমরা আপনার ব্যক্তিগত তথ্য কী জন্য ব্যবহার করি, এবং তা করার আমাদের আইনগত ভিত্তি

আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য আমাদের অবশ্যই একটি আইনগত ভিত্তি থাকতে হবে। অধিকাংশ ক্ষেত্রে, চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য আমরা তা করবো। আমরা যে উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি এবং তা করার জন্য আমাদের আইনগত ভিত্তিগুলো নিচের টেবিলে দেওয়া হয়েছে:

আমরা কী জন্য আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি	**তা করার জন্য আমাদের আইনগত ভিত্তি**
আমাদের ওয়েবসাইট এবং/অথবা মোবাইল অ্যাপে আপনাকে প্রবেশাধিকার দেওয়ার জন্য	চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য
পরিষেবার প্রোগ্রামের মধ্যে ভ্রমণের অভিজ্ঞতাগুলিতে প্রবেশাধিকার দিতে	চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য
আপনার অনুরোধকৃত পণ্য ও পরিষেবার জন্য প্রয়োজনীয় কোনো পেমেন্ট প্রক্রিয়াকরণ করার জন্য	চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য
ব্যবহারের শর্তাবলীতে বর্ণিত চুক্তিবদ্ধ পেমেন্ট পাওয়ার জন্য আপনার পেমেন্ট কার্ডের তথ্য সংরক্ষিত রাখতে	চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য
আপনার অনুরোধকৃত তথ্য প্রদান করার জন্য, যার মধ্যে রয়েছে, তবে শুধু এগুলোতেই সীমাবদ্ধ নয়, কোটেশন, পরিষেবা নথিবদ্ধকরণ, ব্রোসিওর এবং আবেদনের উত্তরসমূহ	যেখানে আমরা আপনার সম্মতি নিয়েছি
আপনি যে পরিষেবাগুলো ক্রয় করেছেন আপনাকে প্রদত্ত সেসম্পর্কিত নিউজলেটার ও অন্যান্য যোগাযোগ এবং অনুরূপ অন্যান্য পণ্য ও পরিষেবায়	যেখানে আমরা আপনার সম্মতি নিয়েছি
আমাদের পণ্য ও পরিষেবা উন্নত করার জন্য গ্রাহক সমীক্ষার প্রস্তাব দিতে	আমাদের পণ্য ও পরিষেবা উন্নত করার জন্য আমাদের ন্যায্য স্বার্থে
আপনার পরিষেবাগুলো আপনার জন্য ব্যক্তিগতকৃত করতে ও আমাদের পণ্যগুলো আরও উন্নত করতে সক্ষম হতে আপনি আমাদের যে পরিষেবাগুলো ব্যবহার করেন সেগুলো বিশ্লেষণ করতে	আমাদের পরিষেবাগুলির ব্যবহার উন্নত করার জন্য আমাদের ন্যায্য স্বার্থে
আমাদের পণ্য ও পরিষেবা সম্পর্কে আপনার যেকোনো প্রশ্নের উত্তর দিতে	চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করার জন্য
যেক্ষেত্রে আপনি সম্মত হয়েছেন, সেক্ষেত্রে নির্দিষ্ট অন্য কিছু সামগ্রী এবং পরিষেবা সম্পর্কে আপনার আগ্রহ থাকতে পারে বলে আমাদের মনে হলে সেবিষয়ে আপনাকে তথ্য প্রদান করতে	যেখানে আমরা আপনার সম্মতি নিয়েছি
প্রতারণামূলক কাজকর্ম তদন্ত ও প্রতিরোধ করা সম্পর্কিত আমাদের আইনি ও নিয়ন্ত্রকের বাধ্যবাধকতা পূরণ করতে	আমাদের আইনগত বাধ্যবাধকতা মেনে চলার জন্য

ব্যক্তিগত তথ্য শেয়ার ও স্থানান্তর করা

আমরা আপনার ব্যক্তিগত তথ্য কাউকে শেয়ার করব না, ভাড়া দেব না, বা বিক্রয় করব না যদিনা আপনি তাতে সম্মতি দেন বা আপনার সাথে আমাদের যে চুক্তি তা পূরণ করার জন্য, বা আইনত আমাদের তা করার অনুমতি থাকে বা আমাদের তা করতে হয়। এছাড়াও, আপনার ব্যক্তিতগ তথ্য শুধুমাত্র সেসকল নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে শেয়ার

করা হবে যারা আমাদের নিরাপত্তা পদ্ধতি ও নীতিমালা মেনে চলে।

আমরা যেসকল প্রতিষ্ঠানের সাথে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি সেগুলোর মধ্যে রয়েছে:

a) আমাদের গ্রুপ অফ কোম্পানির অন্য কোনো সদস্য, যেখানে তারা আপনাকে আমাদের পরিষেবা প্রদান করতে বা উন্নত করতে সাহায্য করে;
b) তৃতীয় পক্ষের পরিষেবা প্রদানকারী ও সাব-কন্ট্রাক্টরগণ: আমাদের হয়ে অন্যান্য কাজ করার জন্য আমরা অন্যান্য কোম্পানি ও ব্যক্তি নিয়োগ করে থাকি। উদাহরণের মধ্যে রয়েছে ক্রেডিট কার্ড পেমেন্ট প্রক্রিয়াকরণ, গ্রাহক পরিষেবা ও তথ্য বিশ্লেষণ। আপনাদেরকে পরিষেবা দেওয়ার ক্ষেত্রে তারা আমাদের সাহায্য করে। ব্যক্তিগত তথ্য যে শুধু আপনাকে পরিষেবা দেওয়ার উদ্দেশ্যে সুনির্দিষ্ট ব্যবসায়িক উদ্দেশ্যে প্রক্রিয়া করা হয় তা লিখিত চুক্তির মধ্যে উল্লেখ করা আছে। পরিষেবা প্রদানকারীদের কাছে আমরা যে ব্যক্তিগত তথ্য সরবরাহ করি সেটি বিক্রি নিষিদ্ধ করার বিষয়টি চুক্তির শর্তাবলীতে অন্তর্ভুক্ত রয়েছে;
c) আপনার প্রোগ্রামের সুবিধাদির অংশ হিসেবে আপনি যে লাউঞ্জ বা মার্চেন্টে যান, যাতে তারা আপনার ভিজিট রেকর্ড করতে পারে ও তার হিসেব রাখতে পারে;
d) একটি নিয়ন্ত্রক কর্তৃপক্ষ বা অন্য কোনো কর্তৃপক্ষ, যেখানে আমাদেরকে একটি নিয়ন্ত্রক বা আইনি বাধ্যবাধকতা পূরণ করতে হয়;
e) প্রতারণা প্রতিরোধ বা ঋণ আদায়কারী প্রতিষ্ঠান, যখন আমাদের আইনগত স্বার্থ রক্ষা করার প্রয়োজন হয়;
f) যৌথ বিপণন কার্যক্রমে আমরা যেসকল অংশীদার বা গ্রাহকের সাথে অফার দিই বা জড়িত হই;
g) আপনার সম্মতি নিয়ে: উপরে বর্ণিত ক্ষেত্রগুলো ছাড়াও আপনি বিজ্ঞপ্তি পেতে পারেন যখন আপনার সম্পর্কিত তথ্য কোনো তৃতীয় পক্ষের কাছে যায় এবং সেক্ষেত্রে আপনি তথ্য শেয়ার না করার বিকল্পটি নির্বাচন করার সুযোগ পাবেন।

যখন পরিষেবাটি আপনার পেমেন্ট কার্ড ইস্যুকারীর (যেমন আপনার ব্যাংক) একটি সুবিধা হয়ে থাকে, তখন আমরা ঐ কার্ড ইস্যুকারী ও ঐ কার্ডের সাথে সংযুক্ত পেমেন্ট কার্ডের ব্র্যান্ডের সাথে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি।

ঐ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কয়েকটি ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের বাইরে বা ভিন্ন তথ্য সুরক্ষা আইন প্রযোজ্য হয় এমন কোনো দেশে অবস্থিত হতে পারে। আমরা সেই দেশে শুধু তখনই আপনার ব্যক্তিগত তথ্য স্থানান্তর করবো যদি তারা আপনার অধিকার ও স্বাধীনতা রক্ষার জন্য পর্যাপ্ত নিশ্চয়তা দেয়, বা ঐ প্রতিষ্ঠান ইউরোপীয় ইউনিয়ন অনুমোদিত নমুনা চুক্তির ধারা ব্যবহার করে তৈরি চুক্তির শর্ত অনুযায়ী ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের তথ্য সুরক্ষা আইন মেনে চলতে বাধ্য হন।

ব্যক্তিগত তথ্য সুরক্ষা ও সংরক্ষণ
আমরা আপনার ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা, উপলভ্যতা, গোপনীয়তা ও অখণ্ডতা বজায় রাখতে ও সুরক্ষিত রাখতে এবং সংগ্রহ থেকে শুরু করে তা ধ্বংস করা পর্যন্ত তার বেআইনি বা অননুমোদিত প্রক্রিয়াকরণ, দুর্ঘটনাজনিত লোকসান বা ক্ষতি প্রতিরোধে সেগুলো পর্যাপ্ত ও যৌক্তিক প্রক্রিয়া ও প্রযুক্তির মাধ্যমে পরিচালনা করে থাকি।

যেসকল ক্ষেত্রে ব্যক্তিগত তথ্য ইন্টারনেটের মাধ্যমে প্রেরণ করা হয়, তখন সেগুলো এনক্রিপ্ট করা হবে।
যেক্ষেত্রে আমরা আপনাকে পাসওয়ার্ড দিয়ে থাকি (বা যখন আপনি বেছে নিয়ে থাকেন), যার মাধ্যমে আপনি আপনার ব্যক্তিগত তথ্যের কিছু অংশে প্রবেশ করতে পারেন, সেক্ষেত্রে সেই পাসওয়ার্ড গোপন রাখার দায়িত্ব আপনার। আমরা আপনাকে কারোর সাথে পাসওয়ার্ড শেয়ার না করার অনুরোধ করি।

ব্যক্তিগত তথ্য ধ্বংস ও সংরক্ষণ
যে উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হয়েছিল তা পূরণের জন্য যতক্ষণ পর্যন্ত তা রাখার প্রয়োজন ততক্ষণ পর্যন্তই আমরা সেগুলো সংরক্ষণ করবো এবং প্রয়োজন নেই এমন সকল ব্যক্তিগত তথ্য আমরা আমাদের সিস্টেম থেকে মুছে ফেলব।

আমরা আপনার ব্যক্তিগত তথ্য ততক্ষণ সংরক্ষিত রাখব যতক্ষণ তা প্রয়োজন হয় এবং একটি সুনির্দিষ্ট ও সীমিত উদ্দেশ্যে, যেখানে কোনো নিয়ন্ত্রক বা আইনি বাধ্যবাধকতা পূরণের জন্য আমাদের তা করা প্রয়োজন ও তা আমাদের সংরক্ষণ নীতিমালার সাথে সংগতিপূর্ণ।

কুকিজ ও ডু নট ট্র্যাক ডিসক্লোজার ("DNT")
বর্তমানে, বিভিন্ন ধরনের ব্রাউজার (ইন্টারনেট এক্সপ্লোরার, ফায়ারফক্স ও সাফারি) একটি DNT অপশন অফার করে যা DNT হেডার নামক একটি প্রযুক্তির উপর নির্ভর করে, যা ব্যবহারকারীর DNT পছন্দ সম্পর্কে ব্রাউজার ব্যবহারকারী কর্তৃক ভিজিট করা কোনো ওয়েবসাইটে সংকেত পাঠায়। আপনি সাধারণত আপনার ব্রাউজারের অগ্রাধিকারসমূহ বিকল্প থেকে আপনার ব্রাউজারের DNT বিকল্পে প্রবেশ করতে পারবেন।

বর্তমানে "ডু নট ট্র্যাক" (DNT) স্ট্যান্ডার্ড উপলভ্য নেই, তাই আমাদের ওয়েবসাইট, ব্রাউজারগুলো থেকে প্রেরিত DNT সংকেতে সাড়া দেয় না।

কুকিজ
আপনার ভিজিটের সময় (একটি সেশন কুকি ব্যবহার করে) বা পুনরাবৃত্ত ভিজিটের (একটি চলমান কুকিজ) জন্য আমাদের ওয়েবসাইটকে আপনাকে "মনে রাখা'র দ্বারা আপনার ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত করতে আমরা আমাদের ওয়েবসাইটে শনাক্তকারী হিসেবে কুকিজ ব্যবহার করি। আমাদের পরিষেবা বা পণ্যগুলোর ভিত্তিকে আপনার উপযোগী করার জন্যও আমরা কুকিজ ব্যবহার করতে পারি, উদাহরণস্বরূপ, আপনার অবস্থান এবং/অথবা ব্রাউজিংয়ের অভ্যাসের উপর ভিত্তি করে অথবা আপনি যেন আমাদের পণ্যগুলো ক্রয় করতে সক্ষম হন তার জন্য ওয়েবসাইট পরিষেবা প্রদান করতে। আপনার সম্মতি নিয়ে আমরা তৃতীয় পক্ষের শনাক্তকারী কুকিজ ব্যবহার করি, যেন তা বিজ্ঞাপনদাতাদের সাথে শেয়ার করার মাধ্যমে আপনার জন্য উপযোগী বিজ্ঞাপন পাঠাতে সাহায্য করে।

আপনি আমাদের কুকিজ ব্যবস্থাপনা টুল বা আপনার ব্রাউজার ব্যবহার করে অপ্রয়োজনীয় কুকিগুলো ব্লক করতে বা সেগুলো ব্যবহার না করার সিদ্ধান্ত নিতে পারেন।

আমাদের কুকি নীতিমালা পড়তে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন, যা আমরা কী করি এবং আপনি কীভাবে আপনার কুকি সেটিংসপরিবর্তন করতে পারবেন তা বিবৃত করে।

আপনার অধিকারসমূহ
আপনি যদি আমাদের কাছে রক্ষিত আপনার সম্পর্কিত যেকোনো ব্যক্তিগত তথ্যে প্রবেশ করতে, সেগুলো পর্যালোচনা, হালনাগাদ, সংশোধন করতে ও মুছে ফেলতে চান, অথবা তথ্য বিষয়ক অন্য কোনো অধিকার অনুশীলন করতে চান তবে আপনি আমাদের **data.protection@loungekey.com** ঠিকানায় ইমেল করতে পারেন। আমাদের গোপনীয়তা টিম আপনার অনুরোধটি পরীক্ষা-নিরীক্ষা করবে এবং যত দ্রুত সম্ভব সাড়া দেবে।

অনুগ্রহ করে মনে রাখবেন, আমরা এখনও যেকোনো ধরনের সমন্বিত ও অশনাক্তকৃত ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে পারি যা কোনো ব্যক্তিকে শনাক্ত করে না। আমরা আপনার তথ্যগুলো আমাদের প্রয়োজনে সংরক্ষণ ও ব্যবহার করতে

পারি, যেমন, আমাদের আইনি বাধ্যবাধকতা পূরণে, বিরোধ নিষ্পত্তি করতে এবং আমাদের চুক্তিগুলো বাস্তবায়ন করতে।

আমরা তথ্য বিষয়ক অধিকার সম্পর্কিত সকল প্রযোজ্য স্থানীয় আইনের প্রতি শ্রদ্ধাশীল। উদাহরণস্বরূপ, ক্যালিফোর্নিয়া কনজিউমার প্রাইভেসি অ্যাক্টের অধীনে, ব্যক্তিগত তথ্য সম্পর্কে ক্যালিফোর্নিয়ার অধিবাসীদের কিছু অধিকার রয়েছে, যে তথ্যগুলো ব্যবসায়ীরা তাদের কাছে রাখে। এর মধ্যে রয়েছে আপনার ব্যক্তিগত তথ্যে প্রবেশ বা সেগুলো মুছে ফেলার অনুরোধ করার অধিকার এবং আপনার ব্যক্তিগত তথ্য বিক্রি বন্ধ করতে কোনো ব্যবসা-প্রতিষ্ঠানকে নির্দেশ দেওয়া অধিকার। একটি অতিরিক্ত বন্দোবস্ত হিসেবে GDPR-এর অধীনে নির্ধারিত তথ্য বিষয়ক অধিকারও আমরা অফার করে থাকি।

আপনার অধিকারসমূহ	অর্থ
প্রক্রিয়া করার ব্যাপারে আপত্তি করার অধিকার	কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণপ্রক্রিয়াকরণ করার ব্যাপারে আপনার আপত্তি করার অধিকার রয়েছে।
তথ্যের অধিকার	আমরা আপনার তথ্য প্রক্রিয়াকরণপ্রক্রিয়াকরণ করবো কি না এবং কী পরিমাণ করবো সে বিষয়ে জানার অধিকার আপনার রয়েছে।
প্রবেশ করার অধিকার	আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করবো কি না এবং করলে আপনার তথ্যে প্রবেশাধিকারের অনুরোধ করার জন্য আপনার একটি অনুমতি নেওয়ার অধিকার আপনার রয়েছে, তবে এক্ষেত্রে কিছু ব্যতিক্রমও রয়েছে।
সংশোধন করার অধিকার	আমরা যে ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করি তা যদি অসম্পূর্ণ বা ভুল হয়, তবে যেকোনো সময় সেগুলো সম্পূর্ণ করার বা সংশোধন করার অধিকার আপনার রয়েছে।

মুছে ফেলার অধিকার	আপনি যদি মনে করেন যে আপনার কিছু বা সকল ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করা আমাদের বন্ধ করা উচিত, তবে আপনি সেগুলো মুছে ফেলার অনুরোধ করতে পারেন, তবে এক্ষেত্রে কিছু ব্যতিক্রম রয়েছে। তবে, তাৎক্ষণিকভাবে তথ্য মুছে ফেলা সম্ভব না হওয়ার কারণ থাকতে পারে (যেমন, যেসকল ক্ষেত্রে আইনি বা নিয়ন্ত্রক সংস্থার বাধ্যবাধকতার জন্য সংরক্ষণ করা আবশ্যক)।
প্রক্রিয়াকরণ বন্ধ করার অধিকার	কিছু কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করার ব্যাপারটি সীমিত করতে আমাদেরকে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। a) আপনি যদি আপনার ব্যক্তিগত তথ্যের নির্ভুলতার ব্যাপারে আপত্তি করেন, তবে আমরা যখন তার নির্ভুলতা যাচাই করবো তখন আপনি তার প্রক্রিয়াকরণ সীমিত করার ব্যাপারে আমাদের অনুরোধ করতে পারেন। b) যদি আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করার বিষয়টি বেআইনি হিসেবে বিবেচনা করা হয়, তবে আপনার ব্যক্তিগত তথ্য আপনাকে মুছে ফেলতে হবে না। c) আপনার তথ্য প্রক্রিয়াকরণের যে উদ্দেশ্য ছিল তার আর প্রয়োজন না হলে, তবে আইনি দাবি প্রতিষ্ঠা, অনুশীলন বা মোকাবেলা করার জন্য আপনার তা প্রয়োজন হয়। d) আমাদের আইনানুগ স্বার্থের উপর ভিত্তি করে যদি আপনি আপনার তথ্য প্রক্রিয়াকরণ করার ব্যাপারে আপত্তি করেন।
তথ্য বহনযোগ্যতার অধিকার	যেসকল ক্ষেত্রে আপনার সম্মতি বা চুক্তির উপর ভিত্তি করে প্রক্রিয়াকরণ করা হয় এবং তা স্বয়ংক্রিয় উপায়ে করা হয়, তখন আপনার ব্যক্তিগত তথ্য একটি মেশিন-পাঠযোগ্য ফরম্যাটে আপনাকে প্রদান করার জন্য আমাদের কাছে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ ও প্রোফাইল তৈরি সম্পর্কে আপনার অধিকার	আপনার ব্যক্তিগত তথ্য শুধুমাত্র স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়াকরণ করার উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আপত্তি করার অধিকার আপনার রয়েছে।
আপনার সম্মতি প্রত্যাহার করার অধিকার	যদি আপনার সম্মতির উপর ভিত্তি করে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করা হয়, তবে যেকোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করার ব্যাপারে আপনার অধিকার রয়েছে। আপনার সম্মতি প্রত্যাহার করার পূর্বে যে প্রক্রিয়াকরণ করা হয়েছে তার বৈধতার উপর এই প্রত্যাহার কোনো প্রভাব ফেলবে না।
আপনি যদি আপনার অধিকারগুলো চর্চা করতে চান, তবে আপনি এই গোপনীয়তা বিজ্ঞপ্তির "যোগাযোগের তথ্য" অংশে প্রদত্ত "তথ্য সুরক্ষা কর্মকর্তা"র মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।	

আমরা আপনার অনুরোধ পাওয়ার পর, প্রাপ্তি নিশ্চিত করতে আমাদের তথ্য সুরক্ষা টিমের সদস্যগণ আপনার সাথে যত দ্রুত সম্ভব যোগাযোগ করার চেষ্টা করবেন। যেসকল ক্ষেত্রে আপনার ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করার জন্য আমরা পরিষেবা প্রদানকারী ব্যবহার করে থাকি, তখন তথ্য প্রদানকারীর অধিকার অনুরোধ প্রক্রিয়াকরণের জন্যও একটি প্রক্রিয়া বিদ্যামান থাকে।

আমাদের ওয়েবসাইটে অন্যান্য সাইটের লিংক থাকতে পারে

আমাদের অংশীদার ও গ্রাহকদের প্রচার করার জন্য অন্যান্য সাইটেও আমাদের লিংক থাকতে পারে। এই লিংকগুলো আপনাকে অন্যান্য কোম্পানিতে নিয়ে যেতে পারে যাদের নিজস্ব গোপনীয়তা বিজ্ঞপ্তি রয়েছে এবং তাদের তথ্য ব্যবহারের বিষয়টি আমাদের গোপনীয়তা বিজ্ঞপ্তির আওতাভুক্ত করবে না। তারা অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারে, তাই আমরা আপনাকে লিংক দেওয়া এই সাইটগুলোর গোপনীয়তা বিজ্ঞপ্তি দেখতে উৎসাহিত করি।

ব্যবসায়িক কাজে স্থানান্তর

আমরা সম্পদ ক্রয়-বিক্রয় করতে পারি এবং এই সকল লেনদেন মুল্যায়নের সাথে সম্পৃক্ত গ্রাহকের তথ্য ভাগাভাগি বা স্থানান্তর করতে পারি। এছাড়াও, যদি আআমাদের বা আমাদের সম্পদগুলো অধিগ্রহণ করা হয় অথবা আমরা যদি ব্যবসায়িক কার্যক্রম বন্ধ করে দেই, দেউলিয়া হয়ে যাই, অথবা নিয়ন্ত্রণের ব্যাপারে অন্য কোনো ধরনের পরিবর্তন হয়, তবে সেসকল সম্পদের মধ্যে ব্যক্তিগত তথ্য একটি সম্পদ হতে পারে যা কোনো তৃতীয় পক্ষের কাছে স্থানান্তর করা হবে বা তারা সেগুলো অধিগ্রহণ করবে।

নিরাপত্তা

আমাদের রেকর্ডে যেসকল তথ্য আমরা সংরক্ষণ করি সেসকল তথ্য হারিয়ে যাওয়া, অপব্যবহার এবং অননুমোদিত প্রবেশ, প্রকাশ, পরিবর্তন বা ধ্বংস হওয়া থেকে রক্ষা করতে আমরা যথাযথ কারিগরি, প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করে থাকি। আমাদের লিখিত প্রক্রিয়া ও নীতিমালা রয়েছে, যেগুলো নিয়মিতভাবে নিরীক্ষা করা হয় এবং উর্ধতন পর্যায়ে এই নিরীক্ষাগুলো পর্যালোচনা করা হয়।

যোগাযোগের তথ্য

আপনার কোনো অধিকার প্রয়োগ করতে বা আমাদের গোপনীয়তা বিজ্ঞপ্তি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, বা আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার সম্পর্কে আপনার কোনো মতামত থাকলে, বা নিরাপত্তাজনিত কোনো বিষয় সম্পর্কে রিপোর্ট করতে চাইলে, আমাদের তথ্য সুরক্ষা অফিসের সাথে **Data.Protection@loungekey.com** ঠিকানায় যোগাযোগ করুন।

তথ্য সুরক্ষা বিধির জন্য, LOUNGE KEY LIMITED হলো এমন একটি কোম্পানি যা 08792537 কোম্পানি নম্বর সহ ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত এবং Cutlers Exchange, 123 Houndsditch, London, EC3A 7BU, United Kingdom ঠিকানায় এর অফিস অবস্থিত।

উত্তর পেয়ে যদি আপনি সন্তুষ্ট না হন, তবে আপনি ইনফর্মেশন কমিশনার'স অফিস (ICO)-এর সাথে যোগাযোগ করতে পারেন। আরও বিস্তারিত তথ্যhttps://ico.org.uk/ এ পাওয়া যাবে।

শিশুদের সম্পর্কিত তথ্য

আমরা 18 বছর বয়সের নিচে কারো ব্যক্তিগত তথ্য সজ্ঞানে সংগ্রহ করি না বা তার জন্য অনুরোধ করি না। আপনার বয়স যদি 18 বছরের কম হয়, তবে আমাদের পরিষেবার জন্য নিবন্ধন করার অনুরোধ করবেন না বা আপনার সম্পর্কিত কোনো ব্যক্তিগত তথ্য আমাদের কাছে পাঠাবেন না। আমরা যদি বুঝতে পারি যে, আমরা 18 বছরের কম বয়সী কোনো শিশুর তথ্য সংগ্রহ করেছি, তবে যত দ্রুত সম্ভব আমরা সেই তথ্য মুছে ফেলব। আপনার যদি মনে হয় যে, 18 বছরের কম বয়সী কোনো শিশু আমাদেরকে ব্যক্তিগত তথ্য সরবরাহ করেছে, তবে অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব আমাদের সাথে যোগাযোগ করুন।

স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ ও প্রোফাইল তৈরি করা

আমরা প্রোফাইলিং বা স্বয়ংক্রিয় সিদ্ধান্ত-গ্রহণ কার্যক্রম সম্পর্কিত কোনো প্রক্রিয়াকরণের সাথে সম্পৃক্ত হই না।

আমাদের নীতিমালার পরিবর্তন

আমরা আমাদের গোপনীয়তা নীতিমালা নিয়মিতভাবে পর্যালোচনা করে থাকি এবং আমাদের গোপনীয়তা বিজ্ঞপ্তিতে কোনো নতুন সংস্করণ আসলে আমরা তা আমাদের ওয়েবসাইটে প্রকাশ করব। এই গোপনীয়তা বিজ্ঞপ্তিটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে 23 শে মার্চ 2020 তারিখে।